গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫
www.srdi.gov.bd

**নম্বর:** ১২.০৩.০০০০.০০৩.৪১.০৩৫.২২.১৯৯২

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ-৩ অধিশাখার ২০ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখের ১২.০০.০০০০.০৫৪.২৭.০৭৬.২৩-৪৪ সংখ্যক প্রজ্ঞাপনটি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃষ্ঠাংকনপূর্বক প্রেরণ করা হলো।

২২-০২-২০২৪
মোঃ জালাল উদ্দীন
মহাপরিচালক

**নম্বর:** ১২.০৩.০০০০.০০৩.৪১.০৩৫.২২.১৯৯২/১ (১২)

তারিখ: ৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, ফিল্ড সার্ভিসেস উইং/অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;

২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ট্রেনিং এন্ড কমুনিকেশন ডিভিশন, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;

৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সয়েল সার্ভে অ্যান্ড ল্যান্ড ম্যানেজমেন্ট ডিভিশন, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট;

৪। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুর;

৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুর;

৬। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, রংপুর;

৭। ইনোভেশন অফিসার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৮। জনাব মোঃ নূরে আলম সিদ্দিকী, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুর (University of New England, Australia-তে পিএইচডি কোর্সে অধ্যয়নরত);

৯। জনাব মোঃ নূরে আলম সিদ্দিকী, পিতা- মোঃ আব্দুল মান্নান, বাড়ী-৭৩, রোড-০৩, গ্রাম: উত্তর বালুয়াডাঙ্গা, ডাকঘর: দিনাজপুর সদর, থানা: কোতয়ালী, জেলা: দিনাজপুর;

১০। সহকারী পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা;

১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা এবং

১২। অফিস কপি।

২২-০২-২০২৪
মোঃ জালাল উদ্দীন
মহাপরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Potrojari_2024_3005_02_20170841951030007O1549

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ ৩ অধিশাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০৫৪.২৭.০৭৬.২৩- ৪৪

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু জনাব নূরে আলম সিদ্দিকী (গ্রেডেশন-৩৫), বৈজ্ঞানিক কর্মকর্তা বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, রংপুর কে পিএইচডি কোর্সে অংশগ্রহণের জন্য ০১/০২/২০১৮ হতে ০১/১০/২০২০ তারিখ পর্যন্ত ৩২ (বত্রিশ) মাস প্রেষণ মঞ্জুর করা হয়। পরবর্তীতে তার আবেদনের প্রেক্ষিতে পূর্বের প্রেষণের ধারাবাহিকতায় ০২/১০/২০২০ হতে ০২/১০/২০২১ তারিখ পর্যন্ত ১২ (বারো) মাসের শিক্ষা ছুটি বর্ধিত করা হয়। পরবর্তীতে পুনরায় তার আবেদনের প্রেক্ষিতে ০১/১০/২০২১ হতে ০১/০৪/২০২২ তারিখ পর্যন্ত শিক্ষা ছুটির মেয়াদ ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হয়। জনাব নূরে আলম সিদ্দিকী ০২/০৪/২০২২ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। জনাব নূরে আলম সিদ্দিকী (গ্রেডেশন-৩৫), বৈজ্ঞানিক কর্মকর্তা বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, রংপুর এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'এর বিধি ৩ (খ) এবং ৩(গ) অনুযায়ী যথাক্রমে **অসদাচারণ** ও **পলায়ন** এর অভিযোগ এনে কৃষি মন্ত্রণালয় এর ২০ ফ্রেব্রুয়ারি ২০২৩ তারিখের ১২.০০.০০০০.০৫৪.২৭৬.২৩.৭৫ স্মারকে বিভাগীয় মামলা রজুকরত: (মামলা নং ০১/২০২৩) ১ম কারণ দর্শানো নোটিশ (অভিযোগনামা) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

০২। যেহেতু জনাব নূরে আলম সিদ্দিকী, বৈজ্ঞানিক কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত অভিযোগটি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য কৃষি মন্ত্রণালয়ের ২৮ মে ২০২৩ তারিখ ১২.০০.০০০০.০৫৪.২৭.০৭৬.২৩.১৬৭ সংখ্যক অফিস আদেশমূলে জনাব নাছিমা খানম, উপসচিব, সম্প্রসারণ-৩ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু তদন্ত কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে '**অসদাচরণ** এবং **পলায়ন** এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়' মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন;

০৪। যেহেতু তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত **অসদাচারণ** ও **পলায়ন** এর অভিযোগ প্রমাণিত হওয়ায় কৃষি মন্ত্রণালয়ের ০৯ আগস্ট ২০২৩ তারিখে ১২.০০.০০০০.০৫৪.২৭.০৭৬.২৩.২১২ সংখ্যক পত্র মারফত 'সরকারি কর্মচারী **(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮' এর বিধি ৪(৩) (ঘ) অনুযায়ী কেন 'চাকুরি হইতে বরখাস্তকরণ' গুরুদন্ড প্রদান হবে না** মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৫। যেহেতু ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে "চাকরী হতে বরখাস্তকরণ" (Dismissal from Service) গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় এবং কৃষি মন্ত্রণালয় ২১ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ১২.০০.০০০০.০৫৪.২৭.০৭৬.২৩.২৫৯ সংখ্যক পত্র মারফত 'সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী উক্ত গুরুদন্ড আরোপের বিষয়ে মতামত প্রদানের জন্য বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়-কে অনুরোধ করা হয়;

০৬। যেহেতু বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় গত ২৬ নভেম্বর ২০২৩ তারিখের ৪৬৫ সংখ্যক পত্র মারফত জনাব নূরে আলম সিদ্দিকী-কে 'সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮' এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী চাকুরি হইতে বরখাস্তকরণ গুরুদন্ড প্রদানের বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

চলমান পাতা-০২

০৭। এবং যেহেতু বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়-এর পরামর্শ, তদন্ত প্রতিবেদন ও প্রাসংগিক সকল বিষয় পর্যালোচনা করে অপরাধের গুরুত্ব বিবেচনা করে মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর জনাব নূরে আলম সিদ্দিকী (গ্রেডেশন-৩৫)-কে 'সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮' এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকুরি হইতে বরখাস্তকরণ' গুরুদন্ড প্রদানে প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং মহামান্য রাষ্ট্রপতি নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে জনাব নূরে আলম সিদ্দিকী (গ্রেডেশন-৩৫)-কে 'চাকুরি হইতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের প্রস্তাব ২৯/০১/২০২৪ তারিখে সানুগ্রহ অনুমোদন করেছেন;

০৮। সেহেতু মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, রংপুর-এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব নূরে আলম সিদ্দিকী (গ্রেডেশন-৩৫)-কে 'সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮' এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী যথাক্রমে **অসদাচারণ** ও **পলায়ন** এর অভিযোগে দোষী সাব্যস্ত করে বিধিমালা বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকুরি হইতে বরখাস্তকরণ' গুরুদন্ড প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**(ওয়াহিদা আক্তার)**
সচিব

নং-১২.০০.০০০০.০৫৪.২৭.০৭৬.২৩-৪৪

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
৩। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। চীফ একউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৮। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (সরকারী গেজেট প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯। জনাব নূরে আলম সিদ্দিকী (গ্রেডেশন-৩৫), বৈজ্ঞানিক কর্মকর্তা বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, রংপুর (**স্থায়ী ঠিকানা :** জনাব মোঃ নূরে আলম সিদ্দিকী, পিতা: মোঃ আব্দুল মান্নান, বাড়ী-৭৩, রোড-০৩, গ্রাম: উত্তর বালুয়াডাঙ্গাঁ, ডাকঘর: দিনাজপুর সদর, থানা: কোতয়ালী, জেলা: দিনাজপুর।)
১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১১। যুগ্মসচিব (সম্প্রসারণ অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। যুগ্মসচিব (সম্প্রসারণ অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Debi Chanda
২০/০২/২০২৪
(দেবী চন্দ)
উপসচিব